

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.০৬.০১৪৪.২৫.২২১৯

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: WOHAI এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০৩০ সালের মধ্যে পিপিআর রোগ নির্মূল করার লক্ষ্যে প্রটোকল অনুযায়ী সেরো সার্ভিল্যান্স এর জন্য দেশব্যাপী ছাগল ভেড়া হতে রক্তের নমুনা সংগ্রহ পূর্বক নির্ধারিত ল্যাবে পরীক্ষার জন্য প্রেরণ প্রসংগে।**


সূত্র: প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প এর ০৬/০৪/২০২৫ তারিখের  
নং-৩৩.০১.০০০০.৮৩১. ০৭.০২৬ (৩য়).২৪/১০২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় দেশব্যাপী ছাগল ও ভেড়ায় বিগত ০১/১০/২০২৪ খ্রিঃ হতে ২৫/১০/২০২৪ খ্রিঃ পর্যন্ত দেশব্যাপী সকল ছাগল ও ভেড়াকে ২য় ডোজ পিপিআর টিকা প্রয়োগ করা হয়েছে। বর্তমানে আপাতদৃষ্টিতে পিপিআর এর মত লক্ষন দেখা গেলেও ল্যাব পরীক্ষায় তা নিশ্চিত করা যায়নি। পিপিআর রোগ নির্মূল ঘোষনার জন্য সেরো-সার্ভিল্যান্স খুবই গুরুত্বপূর্ণ। সেই মোতাবেক টিকা প্রয়োগ পরবর্তী রোগ প্রতিরোধ ক্ষমতা যাচাইকরণের জন্য দেশব্যাপী দৈবচয়ন পদ্ধতির মাধ্যমে ৯৭ টি গ্রাম (EPI Unit) নির্বাচন করা হয়েছে। প্রতিটি গ্রাম/ ইউনিট হতে বয়স ভিত্তিক ৩০ টি ছাগল ও ভেড়ার রক্তের নমুনা সংগ্রহপূর্বক নির্ধারিত ল্যাবে পরীক্ষার বিষয়াদি ২০/০২/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত National PPR Control Programme বাস্তবায়ন কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

সে মোতাবেক National PPR Control Programme বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী জেলা- ভিত্তিক রক্তের নমুনা সংগ্রহ ও সংযুক্ত তালিকায় বর্ণিত ল্যাবে পরীক্ষার নিমিত্ত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পিপিআর সংক্রান্ত পত্র



০৯-০৪-২০২৫

ড. মোঃ আবু সুফিয়ান  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)

.....।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.০৬.০১৪৪.২৫.২২১৯/১ (৬)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ ময়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম/ বরিশাল/ রাজশাহী/খুলনা/ রংপুর।

- ৪। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রাস্তা, ঢাকা।  
৫। প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।  
৬। অফিস কপি, ।



এস. এ. হুসেইন

০৯-০৪-২০২৫

ড. মোঃ আবু সুফিয়ান  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)